

যে সকল হারামকে মানুষ তুচ্ছ মনে করে থাকে

বিভাগ/অধ্যায়ঃ ৫৮. সাদা চুলে কালো খেযাব ব্যবহার করা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

সাদা চুলে কালো খেযাব ব্যবহার করা

সাদা চুলকে কালো রঙ্গে রঞ্জিত করা হারাম। হাদীসে কালো খেযাব সম্পর্কে যে হুশিয়ারী উচ্চারিত হয়েছে তাতে একথাই প্রমাণিত হয়। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«يَكُونُ قَوْمٌ يَخْضِبُونَ فِي آخِرِ الزَّمَانِ بِالسَّوَادِ، كَحَوَاصِلِ الْحَمَام، لَا يَرِيحُونَ رَائِحَةَ الْجَنَّةِ»

"শেষ যমানায় একদল লোক কবুতরের বুকের ন্যায় কাল খেযাব ব্যবহার করবে। তারা জান্নাতের কোনো সুগন্ধি পাবে না"।[1]

অনেক চুল পাকা ব্যক্তিকে এ কাজ করতে দেখা যায়। তারা কাল রং দ্বারা সাদা চুল রাঙ্গিয়ে নিজেদেরকে যুবক কিংবা অপেক্ষাকৃত কম বয়সী বলে প্রকাশ করে। এতে প্রতারণা, আল্লাহর সৃষ্টিকে গোপন করা ও মিথ্যা আত্মতৃপ্তি ব্যতীত আর কিছু হয় না। এর ফলে ব্যক্তিগত চালচলনের ওপর নিঃসন্দেহে এক প্রকার কুপ্রভাব পড়ে। অন্য মানুষ তাতে প্রতারিত হয়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পাকা চুল খেযাব করেছেন মেহেদি বা অনুরূপ কোনো জিনিস দ্বারা। যাতে হুলুদ, লাল ইত্যাদি মৌলিক রং ফুটে ওঠে। তবে কালো রং দিয়ে কখনোই নয়। আবু বকর রাদিয়াল্লাহু আনহুর পিতা আবু কুহাফা রাদিয়াল্লাহু আনহুকে মক্কা বিজয়ের দিন যখন রাস্লুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সামনে হাযির করা হয় তখন তার চুল-দাড়ি এত সাদা হয়ে গিয়েছিল যে, তা 'ছাগামা" (কাশ) ফুলের ন্যায় ধবধবে দেখাচ্ছিল। তিনি তাকে দেখে বললেন,

«غَيّرُوا هَذَا بشَيْءٍ، وَاجْتَنِبُوا السَّوَادَ»

"তোমরা কোনো কিছু দ্বারা এটা পরিবর্তন করে দাও। তবে কালো রং থেকে দূরে থাকো"।[2] নারীদের বিধান পুরুষদের অনুরূপ। তারাও পাকা চুল কালো রঙ্গে রাঙাতে পারবে না।

ফুটনোট

>

- [1] সুনান আবু দাউদ, হাদীস নং ৪২১২; সহীহুল জামে', হাদীস নং ৮১৫৩।
- [2] সহীহ মুসলিম; মিশকাত, হাদীস নং ৪৪২৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10086

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন